



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

এএসএম মাইক্রোবায়োলজি কুইজ কম্পিটিশন-২০১৯ অনুষ্ঠিত



৩০ অক্টোবর, ২০১৯-বুধবার মাইক্রোবায়োলজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে এবং আমেরিকান সোসাইটি ফর মাইক্রোবায়োলজি (এএসএম) এর সৌজনে এএসএম মাইক্রোবায়োলজি কুইজ কম্পিটিশন-২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

মাইক্রোবায়োলজি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিডিডিআর, বি এর এমিরিটাস সাইন্টিস্ট ড. ফেরদৌসী কাদরী। অনুষ্ঠানে কী-নোট উপস্থাপন করেন বাংলাদেশের এএসএম এম্বাসেডর এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ আবুল কালাম আজাদ। এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহনকারী সফল শিক্ষার্থীবৃন্দের মধ্যে পুরস্কার বিতরণ করেন অতিথিবৃন্দ।